

- (গ) রবীন্দ্রনাথ কর্তৃক সংগৃহীত ছেলেভুলানো ছড়াগুলির মধ্যে যে একটি সহজ-স্বাভাবিক কাব্যরসের পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।
- (ঘ) 'হরগৌরী' বিষয়ক ছড়াগুলিতে বাঙালির ঘরের কথা কীভাবে ব্যক্ত হয়েছে, রবীন্দ্রনাথের গ্রাম্যসাহিত্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

BENGALI-DSC3B

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৩×৪ = ১২

- (ক) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'— পদটির রচয়িতা কে? এটি কোন্ পর্যায়ের পদ? পদটিতে কার রূপের বর্ণনা দেওয়া হয়েছে?
- (খ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল'— পদটিতে উল্লিখিত 'কণ্টক' ও 'গাড়ি' শব্দ দুটির অর্থ লেখো। কার 'পদতল'—কে কমলের সমান বলা হয়েছে?
- (গ) 'তাতল সৈকত বারিবিন্দু সম'— কোন্ পর্যায়ের পদ? এই পর্যায়ের সংজ্ঞা দাও।
- (ঘ) বৈষ্ণব রস শাস্ত্র মতে 'রস' কয় প্রকার ও কী কী? এদের মধ্যে কোন্ 'রস' টিকে শ্রেষ্ঠ রস বলে অভিহিত করা হয়েছে?
- (ঙ) 'লোকসাহিত্য' গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। গ্রন্থটির পরিচ্ছেদ সংখ্যা উল্লেখ করে যে কোনো দুটি পরিচ্ছেদের নাম লেখো।
- (চ) 'ছেলেভুলানো' ছড়া কাকে বলে? রবীন্দ্রনাথের অনুসরণে লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৬×৪ = ২৪

- (ক) 'রাধার কি হৈল অন্তরে বেথা' — চণ্ডীদাসের অনুসরণে রাধার অন্তর্বেদনার স্বরূপ ব্যাখ্যা করো।
- (খ) 'মন্দির বাহির কঠিন কপাট'— 'মন্দির' শব্দটির অর্থ কী? পদটিতে শ্রীরাধার যে আত্মপ্রত্যয়ী মনোভাব ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (গ) 'মাথুর' কাকে বলে? তোমার পাঠ্য 'মাথুর' বিষয়ক পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- (ঘ) 'খোকা যাবে মাছ ধরতে ক্ষীর নদীর কূলে'— শীর্ষক ছড়াটিতে মাছ ধরতে গিয়ে খোকা যে ধরনের সমস্যার সম্মুখীন হয়েছিল তা উল্লেখ করো।
- (ঙ) 'যমুনাবতী সরস্বতী, কাল যমুনার বিয়ে'— শীর্ষক ছড়াটির কাব্যসৌন্দর্য বিচার করো।
- (চ) 'গৌরচন্দ্রিকা' বলতে কী বোঝো? গৌরচন্দ্র-বিষয়ক পদের সঙ্গে এর পার্থক্য নির্ণয় করো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) 'অভিসার' কাকে বলে? তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।
- (খ) 'ভাবোন্মাস ও মিলন' বলতে কী বোঝায়? এই পদ পর্যায়ে 'বিদ্যাপতি'—র রাধার যে আনন্দ ব্যক্ত হয়েছে, পাঠ্যপদ অবলম্বনে লেখো।
- (গ) রবীন্দ্রনাথ কর্তৃক সংগৃহীত 'ছেলেভুলানো' ছড়াগুলিতে যে কাব্যসৌন্দর্যের পরিচয় পাওয়া যায় তা ব্যক্ত করো।
- (ঘ) 'রাধাকৃষ্ণ' বিষয়ক ছড়াগুলিতে বাঙালির ভাবের কথা যেভাবে ব্যক্ত হয়েছে, রবীন্দ্রনাথের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

—x—